

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- ◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
- ◇ প্রোগ্রামার
- ◇ সহকারী প্রোগ্রামার
- ◇ স:মে:ই-১/ স:মে:ই-২
- ◇ নথি

ডায়েরি নং: ১১১০১/২০২০

তারিখ: ১১/০১/২০২০

নং-৩৫.০০.০৪৩০.০২১.০১৬.০০১.২০১৯-৫২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি শাখা
www.rthd.gov.bd

তারিখ: ২০/০১/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : জাতীয় স্বার্থে মহাসড়ক-যোগাযোগ ব্যবস্থা টেকসই ও নিরাপদ রাখার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় স্বার্থে মহাসড়ক যোগাযোগ ব্যবস্থা টেকসই ও নিরাপদ রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল :

- সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নির্মিত সেতুর আশপাশে বালু উত্তোলন এবং কতিপয় স্থানে বালু মহাল গড়ে উঠার ফলে নির্মাণাধীন/নির্মিত সেতুসমূহের পিয়ার ক্ষতির সম্মুখীন হচ্ছে ও ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে। বালু উত্তোলন চলমান থাকলে সেতুসমূহ আরও ক্ষতিগ্রস্ত হবে এবং এতে করে পিয়ারের সন্ধিকটে স্কাউরিং এর ফলে সেতুর স্থায়িত্ব নষ্ট হবে। তাই সেতুর আশপাশে যেন বালু উত্তোলন বা বালু মহাল গড়ে না উঠে সে দিকে নজরদারি রাখতে হবে এবং প্রয়োজনে উচ্ছেদের পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- সেতু সংলগ্ন নদীর নাব্যতা নষ্ট করে মাটি ভরাটের মাধ্যমে বিভিন্নভাবে ইট মহাল গড়ে উঠছে। নদীর নাব্যতা ও সেতুসমূহের স্থায়িত্ব রক্ষার্থে কোনো ইট ভাটা ভাটা যেন গড়ে না উঠে সে দিকেও নজরদারি রাখতে হবে এবং প্রয়োজনে উচ্ছেদের পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- দেশের অনেক জায়গায় নির্মিত নতুন সেতু থাকা সত্ত্বেও পাশাপাশি পুরাতন বেইলী সেতু জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। এ সকল পুরাতন জরাজীর্ণ বেইলী সেতুসমূহ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে নিলাম প্রক্রিয়া অনুসরণ করা যেতে পারে;
- মহাসড়কের দু'পাশে বৃক্ষরোপণ করতে হবে; এবং
- বৃষ্টির পানি জমে মহাসড়ক/সেতু/কালভার্টসমূহ যেন ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য সড়কের পাশে আউটলেট দিয়ে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।


ড. সৈয়দা সালমা বেগম
উপসচিব
৯৫৭৫৫২৯

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি (অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর,
০৫. যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৭. মনিটরিং টীম প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. অফিস/মাস্টার কপি